

শিক্ষা ক্ষেত্রে কাজ করবে জিইজি

শিক্ষা বিস্তারে প্রযুক্তির ব্যবহার বাড়ানোর লক্ষ্য নিয়ে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে 'গুগল এডুকটর গ্রুপ (জিইজি) ঢাকা নর্থ'। মঙ্গলবার বিকালে এক উদ্বোধনী সম্মেলনের মাধ্যমে যাত্রা ঘোষণা করে কমিউনিটিটি। এতে শিক্ষার্থীসহ শিক্ষকতার সঙ্গে জড়িত এবং তথ্যপ্রযুক্তি নিয়ে কাজ করা ব্যক্তিরা যোগ দেন। মূলত তারা ই-কমিউনিটির সদস্য এবং স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করবেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ মুনির হাসান। তিনি বলেন,



প্রযুক্তি সবাইকে তথ্যের অবাধ প্রবেশ ও সহজা নিশ্চিত করতে পারে, আর তা অর্থবহ হয়ে ওঠে মানবিক শিক্ষার মিশেলে। এ ছাড়া উদ্বোধনী সম্মেলনে জিইজিতে কীভাবে কাজ করতে হয় তার বিস্তারিত তুলে ধরেন জিইজি ঢাকা সাউথের লিডার মো. নাদিম বিন আলী এবং জিইজি ঢাকা নর্থের কো-লিডার বারকাতুল আলম বিল্লাহ। এ সময় তারা বলেন, এখন পর্যন্ত গুগল এডুকটর গ্রুপ যেভাবে কাজ করে যাচ্ছে তাতে আগামী এক মাসের মধ্যে গুগলে বাংলাদেশের নাম স্পষ্টাকরে চোখে পড়বে। অনুষ্ঠানের শেষে কেক

কটে জিইজি ঢাকা নর্থের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন মুনির হাসান। জিইজি কাজ করে দুটি প্রক্রিয়ায়। ২০১৪ সালের আগস্ট থেকে বাংলাদেশে এর কার্যক্রম শুরু হলেও আনুষ্ঠানিকভাবে যাত্রা হল মঙ্গলবার। অনুষ্ঠানটির পৃষ্ঠপোষকতা করেছে অ্যাডার আইটি, অগ্নিসিস্টেম লি., বিডি হাম লি. এবং কোডেক্স সফটওয়্যার লিমিটেড।

—আইটি ডেস্ক